# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড : ১ ৫ ৩

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** আকাশ তার বাবার সাথে একটি শহর দেখতে বের হলো। শহরটির চারদিক প্রাচীর দ্বারা সুরক্ষিত। পূর্ব পরিকল্পনা অনুযায়ী উঁচু ভিত্তির উপর শহরটি নির্মিত। নগরীর ভিতর দিয়ে চলে গেছে পাকা রাস্তা। রাস্তাগুলি ছিল সোজা। প্রত্যেকটি বাড়িতে খোলা জায়গা, কূপ ও স্নানাগার ছিল।

ক. মিশর কয়টি মহাদেশ দ্বারা পরিবেষ্টিত ছিল? ১

খ. পুণ্ড্র জনপদ সম্পর্কে লিখ। ২

গ. আকাশের দেখা শহরের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন সভ্যতার বৈশিষ্ট্যের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত সভ্যতার অধিবাসীরা গুরুত্বপূর্ণ ও চমৎকার স্থাপত্য শৈলীর নিদর্শন রেখেছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**২.** ▶ সারাহ একটি বই পড়ছে। সে বই পড়ে বাংলার বিভিন্ন যুগের ঘটনাবলি জানতে পারে। তাছাড়া সে প্রাচীন যুগ, মধ্যযুগ ও আধুনিক যুগের মানুষের বিভিন্ন কর্মকাণ্ড ও ঘটনাবলি সম্পর্কেও ধারণা লাভ করে।

ক. ইতিহাসের জনক কে? ১

খ. ইতিহাসের উপাদান বলতে কী বোঝায়? ২

গ. সারাহর পঠিত গ্রন্থটি কোন ধরনের গ্রন্থ? গ্রন্থটি পাঠের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. দেশ ও জাতির স্বার্থে এবং ব্যক্তির প্রয়োজন এ ধরনের গ্রন্থ পাঠ কতটুকু প্রয়োজনীয় বলে তুমি মনে কর? ৪

**৩.** ▶ সভ্যতায় গ্রিকদের অবদান অবিস্মরণীয়। শিক্ষা ক্ষেত্রে ইতিহাস, ভূগোল, দর্শন, পদার্থ, সাহিত্য প্রতিটি শাখায় রয়েছে তাদের উর্বর মননের সুস্পষ্ট ছাপ। গ্রিক সভ্যতার প্রভাব বর্তমান বিশ্বে বিরাজমান রয়েছে।

https://teachingbd24.com

ক. আদিম যুগের মানুষের একমাত্র হাতিয়ার কী ছিল? ১
খ. মিশরকে নীলনদের দান বলা হয় কেন? ২
গ. শিক্ষা ক্ষেত্রে প্রাচীন গ্রিসের অবদান বর্ণনা কর। ৩
ঘ. 'এথেন্সকে গণতন্ত্রের সুতিকাগার বলা হয়'— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৪. সাহেদ বই পড়ে জানতে পারে যে, গঙ্গা নদীর দুইটি ধারা। এগুলো হলো ভাগীরথী ও পদ্মা। সাহেদের দাদু বলল যে, এ দুটি ধারার মধ্যবর্তী অঞ্চলে প্রাচীনকালে বাংলার একটি জাতির অবস্থান ছিল।

ক. শশাংকের রাজধানী কোথায় ছিল? ১
খ. বঙ্গা নাম করা হয়েছে কীভাবে? ২
গ. উদ্দীপকে সাহেদের দাদু প্রাচীন বাংলার কোন জাতির প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. সেই সময়ে বঙ্গের অবস্থান কেমন ছিল? বিশ্লেষণ কর। ৪

৫.▶ মিনা টিভিতে একটি রূপকথার গল্পে দেখল রাক্ষসী রানি রাজাকে হত্যা করে। নিজে ক্ষমতা দখল করে দেশে ত্রাসের রাজত্ব কায়েম করে। এ সময় একজন বাইরের লোক এসে রাক্ষসীকে মেরে নিজে রাজা হন এবং রাজ্যে শান্তি ফিরিয়ে আনেন।

ক. ধর্মপাল কোন ধর্মের লোক ছিলেন? ১
খ. মাৎস্যন্যায়ের যুগ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের কাহিনীটি প্রাচীন বাংলার কোন রাজবংশের প্রতিষ্ঠার কথা মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত রাজবংশের রাজারা ধর্ম নিরপেক্ষ ছিলেন— যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬. জনাব দেলোয়ার একজন দোকানদার। প্রতি বৎসর পহেলা বৈশাখে তার দোকানে হালখাতা অনুষ্ঠান উদযাপিত হয়। প্রাচীন বাংলার আর্য সংস্কৃতির অনেক কিছু এখনও বর্তমান বাংলায় পালিত হয়। প্রাচীন বাংলার সমাজ গড়ে তুলেছিল হিন্দু, বৌদ্ধ ও অন্ত্যজ শ্রেণির মানুষেরা।

ক. ফা-হিয়েন কোন দেশের পর্যটক ছিলেন? ১
খ. প্রাচীন বাংলার জনগণের খাদ্যাভ্যাস ব্যাখ্যা কর। ২

https://teachingbd24.com

গ. জনাব দেলোয়ারের হালখাতার মতো প্রাচীন বাংলার সংস্কৃতির বহু রীতিনীতি আজও বাঙালি জীবনে বিদ্যমান— উক্তিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সর্বশেষ উক্তিটির আলোকে প্রাচীন বাংলার সমাজজীবন বিশ্লেষণ কর। ৪

**৭.▶** আমিনুর রশিদ ছিলেন একজন সুশাসক ও দূরদর্শী রাজনীতিবিদ। তিনি শাসনব্যবস্থার পুনর্গঠন ও জনকল্যাণের জন্য যথেষ্ট উদ্যম, নিষ্ঠা এবং বিচক্ষণতার পরিচয় দিয়েছিলেন। এছাড়া তিনি যুগোপযোগী ও ন্যায়ভিত্তিক শাসনব্যবস্থার প্রয়োজনীয়তা উপলব্ধি করেছিলেন।

ক. স্বাধীন গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন কে? ১

খ. 'বারো ভূঁইয়া' বলতে কী বোঝায়? ২

গ. শাসক আমিনুর রশিদের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন শাসকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শাসকের পুত্রও ছিলেন একজন সুযোগ্য শাসক— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**৮.** সমাজবিজ্ঞানের গবেষক হেলাল সাহেব সমাজের মানুষের অবস্থা ও সামাজিক মর্যাদার ভিত্তিতে তাদের স্তর বিশ্লেষণ করেন। তিনি তার বিশ্লেষণে বলেন, অর্থনৈতিক অবস্থা ও সামাজিক মর্যাদার ভিত্তিতে সমাজের বিভিন্ন মানুষের মধ্যে প্রধান ৩টি শ্রেণি দেখতে পাওয়া যায়। এগুলো হলো— (১) উচ্চ (২) মধ্য ও (৩) নিম্ন শ্রেণি। মধ্যযুগে সমাজে উচ্চ শ্রেণি সকল ধরনের সুযোগ-সুবিধা ভোগ করত, কিন্তু দায়িত্ব থেকে অব্যাহতি পেত।

ক. হোসেনী দালান নির্মাণ করেন কে? ১

খ. কেন মধ্যযুগকে মুঘলদের 'স্বর্ণযুগ' বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে হেলাল সাহেবের শ্রেণি বিন্যাস অনুযায়ী মধ্যযুগে বাংলার মুসলিম সমাজের বিভিন্ন শ্রেণির মানুষের অবস্থান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত উচ্চ ধাপে অবস্থানরত শ্রেণির সামাজিক মর্যাদা বিশ্লেষণ কর। ৪

**৯.▶** পান্না একদিন টিভিতে জনৈক গ্রিক রাজার সাথে এক বিদেশি শক্তির যুদ্ধের কাহিনী দেখছিল। নদীতীরের এই যুদ্ধে রাজার পক্ষে তার এক সেনাপতি ও অন্য

https://teachingbd24.com

বিদেশি সেনাপতি যুদ্ধ করেন। কিন্তু অন্য এক বিশ্বস্ত সেনাপতির বিশ্বাসঘাতকতার কারণে রাজা পরাজিত হন।

ক. চিরস্থায়ী বন্দোবস্ত কখন প্রবর্তন করা হয়? ১

খ. দিনেমারগণ ভারতবর্ষ ত্যাগ করতে বাধ্য হয় কেন? ২

গ. উদ্দীপকটি কোন যুদ্ধের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, এই যুদ্ধের ফলাফল ছিল সুদূরপ্রসারী? বিশ্লেষণ কর। ৪

১০. ▶ সামিনা একজন শিক্ষিত মহিলা। তিনি নারীদের ক্ষেত্রে বিভিন্ন বৈষম্য দেখে পত্রিকায় নিয়মিত লেখালেখি করেন। সমাজে নারীরা যেসব ক্ষেত্রে দুর্বল অবস্থানে আছে তা তিনি তুলে ধরেন।

ক. স্বাধীনতা অর্জনের পর বঙ্গবন্ধু স্বদেশ প্রত্যাবর্তন করেন কত তারিখে? ১

খ. ইনডেমনিটি আইন বলতে কী বোঝায়? ২

গ. সামিনার চরিত্রে তোমার পাঠ্যপুস্তকের কোন মহীয়সী নারীর আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, নারীশিক্ষা ও সমাজ সেবায় উক্ত মহীয়সী নারীর অবদান অনস্বীকার্য? বিশ্লেষণ কর। ৪

১১. "আমার ভাইয়ের রক্তে রাঙানো
একুশে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি?
ছেলে হারা শত মায়ের অশ্রু গড়া এ ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি?"

ক. কত সালে পাকিস্তানের সংবিধান রচিত হয়? ১

খ. 'মোহাম্মদ আলী জিন্নাহ বাংলা ভাষার দাবিকে অগ্রাহ্য করেছিলেন'— কথাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের লাইনগুলো যে আন্দোলনের স্মৃতি মনে করিয়ে দেয় তার চূড়ান্ত পর্যায় ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত লাইনগুলোর সাথে সংশ্লিষ্ট আন্দোলনের তাৎপর্য ব্যাপক— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ৫ | ৩ |

সময় — ৩০ মিনিট    পূর্ণমান— ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'সমাজের জীবনই ইতিহাস'— উক্তিটি কার?
ক কলহনের  খ জনসনের
গ টয়েনবির  ঘ হেরোডোটাসের

২. কেন ইতিহাসের ক্ষেত্র, চিন্তাচেতনা, দৃষ্টিভঙ্গি ও লিখন পদ্ধতির পরিবর্তন এসেছে?
ক ইতিহাসের প্রবাহমান ধারার কারণে
খ সামাজিক পরিবর্তনের ফলে
গ গবেষকদের কারণে
ঘ শাসকবর্গের প্রচেষ্টায়

৩. বাঙালি জাতির উদ্ভব কোন জনপদ থেকে?
ক হরিকেল  খ পুণ্ড্র
গ গৌড়  ঘ বঙ্গ

৪. সপ্তম শতকে মুর্শিদাবাদ হতে উৎকল পর্যন্ত সমগ্র এলাকাকে সংঘবদ্ধ করেন কে?
ক রাজা শশাংক  খ হর্ষবর্ধন
গ রাজা বল্লভ  ঘ ত্রৈলোক্যচন্দ্র

৫. তামার পাতে খোদাই করা রাজার বিভিন্ন ঘোষণা বা নির্দেশনাকে কী বলা হতো?
ক রাজাজ্ঞা  খ রাজ নির্দেশ
গ তাম্র শাসন  ঘ তাম্র খোদাই

৬. হিউয়েন সাং শশাংককে কী বলে আখ্যায়িত করেছেন?
ক জৈনধর্ম বিদ্বেষী  খ শৈবধর্ম বিদ্বেষী
গ হিন্দুধর্ম বিদ্বেষী  ঘ বৌদ্ধধর্ম বিদ্বেষী

৭. প্রাচীন বাংলার মেয়েদের ক্ষেত্রে প্রযোজ্য—
i. পর্দাপ্রথা বিরত ছিল
ii. বাংলার মেয়েরা পরাধীন ছিল
iii. ধন-সম্পত্তিতে নারীদের আইনগত অধিকারের অভাব ছিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৮. অতি সম্প্রতি উয়ারী-বটেশ্বরে কত বছরের পুরাতন এক নগর কেন্দ্রিক ধ্বংসাবশেষ পাওয়া গেছে?
ক ২০০০ বছর  খ ২৫০০ বছর
গ ৩০০০ বছর  ঘ ৩৫০০ বছর

৯. রাজ্য রক্ষায় বখতিয়ার খলজির অন্যতম পদক্ষেপ কোনটি?
ক রাজস্ব বৃদ্ধি
খ দুর্গ নির্মাণ
গ ঋণ প্রদান
ঘ প্রাদেশিক শাসন কায়েম

১০. সুলতান ইলিয়াস শাহ-এর অন্যতম লক্ষ্য কী ছিল?
ক সমগ্র বাংলার অধিপতি হওয়া
খ দিল্লির সম্রাট হওয়া
গ একজন দক্ষ শাসক হওয়া
ঘ একজন দরদি শাসক হওয়া

১১. মধ্যযুগে বাংলার মুসলিম সমাজের অন্যতম বৈশিষ্ট্য ছিল কোনটি?
ক ধর্মীয় সংস্কৃতির লালন
খ অর্থনৈতিক মুক্তির সংগ্রাম
গ রাজনৈতিক সংস্কার
ঘ সামাজিক কুসংস্কার

১২. কীসের ওপর ভিত্তি করে জাতিভেদ প্রথার সৃষ্টি হয়?
ক পোশাক  খ মেধা
গ পেশা  ঘ শারীরিক গঠন

১৩. বাংলায় ফরাসিদের একটি শক্তিশালী সুরক্ষিত বাণিজ্যিক কুঠি কোথায় ছিল?
ক সুতানটিতে  খ কলকাতায়
গ চন্দন নগরে  ঘ হুগলিতে

১৪. ইংরেজ ও ফরাসিদের মাঝে সংঘর্ষ হয়েছিল কেন?
ক বাণিজ্য সংক্রান্ত কারণে
খ ধর্মীয় কারণে
গ সাংস্কৃতিক বিরোধের ফলে
ঘ ভাষাগত সমস্যার কারণে

১৫. তিতুমিরের নেতৃত্বে পরিচালিত আন্দোলনের নাম কী?
ক তরিকায়ে কাদেরিয়া
খ তরিকায়ে মোহাম্মদীয়া
গ তরিকায়ে সুন্নি  ঘ তরিকায়ে চিশতিয়া

১৬. বাংলায় নীল বিদ্রোহের অন্যতম প্রকৃতি ছিল কোনটি?
ক সশস্ত্র বিদ্রোহ
খ সেনাবাহিনীর বিদ্রোহ
গ সাহিত্যিকদের বিদ্রোহ
ঘ কৃষক বিদ্রোহ

Teachingbd24.com
https://teachingbd24.com

**১৭. কোন কারণে সিপাহি বিদ্রোহ সংঘটিত হয়েছিল?**
ⓚ ধর্ম পালনে বাধা দেওয়ায়
ⓚ ভারতীয় সৈনিকদের প্রতি বৈষম্যমূলক আচরণ করায়
ⓖ ভারতীয় সৈনিকদের নিম্নমানের অস্ত্র সরবরাহ করায়
ⓖ ভারতীয় সৈনিকদের হত্যা করায়

**১৮. বঙ্গভঙ্গের অন্যতম উদ্দেশ্য ছিল—**
i. ব্রিটিশ বিরোধী মনোভাব দূরীকরণ
ii. পূর্বাঞ্চলের আইন-শৃঙ্খলা রক্ষা
iii. বিভেদ ও শাসন নীতি প্রয়োগ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ ii ও iii
গ i ও iii    ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**

জামাল ও কামাল দুই বন্ধু। তারা একত্রে নীলক্ষেতে বই কিনতে যায়। জামাল বেছে বেছে বাংলায় অনূদিত বই কেনে আর কামাল ইংরেজি ভাষায় লেখা বই কেনে। কামাল মনে করে ইংরেজি বইয়ের বাংলা অনুবাদ পড়া একেবারেই মূর্খতা।

**১৯. জামালের মানসিকতায় কোন আন্দোলনের প্রভাব লক্ষণীয়?**
ক খেলাফত আন্দোলন
খ ভাষা আন্দোলন
গ অসহযোগ আন্দোলন
ঘ স্বাধিকার আন্দোলন

**২০. উক্ত আন্দোলনের মূল চেতনা ছিল—**
ক বাঙালি জাতীয়তাবাদ
খ মুসলিম জাতীয়তাবাদ
গ হিন্দু জাতীয়তাবাদ
ঘ হিন্দু-মুসলিম জাতীয়তাবাদ

**২১. ১৯৬২ সালে ছাত্ররা সরকার বিরোধী প্রতিক্রিয়া ব্যক্ত করে কেন?**
ক বঙ্গবন্ধুকে গ্রেফতার করায়
খ নাজিম উদ্দিনকে গ্রেফতার করায়
গ ফজলুল হককে গ্রেফতার করায়
ঘ সোহরাওয়ার্দীকে গ্রেফতার করায়

**২২. পূর্ববাংলা স্বাধিকার ও স্বাধীনতা আন্দোলনের সূত্রপাত ঘটে কী কারণে?**
ক পশ্চিম পাকিস্তানের বৈষম্য ও নিপীড়নমূলক নীতির জন্য
খ পূর্ব পাকিস্তান সামরিক ক্ষেত্রে শক্তিশালী বলে
গ পূর্ব পাকিস্তান অর্থনৈতিক ক্ষেত্রে সমৃদ্ধ ছিল বলে
ঘ পূর্ব পাকিস্তান শিক্ষাক্ষেত্রে উন্নত ছিল বলে

**২৩. ২৫ মার্চ রাতে পুলিশ ও ইপিআর বাহিনী পাক বাহিনীকে প্রতিরোধ করতে ব্যর্থ হয় কেন?**
ক আধুনিক অস্ত্রের অভাবে
খ জনগণের অসহযোগিতায়
গ প্রতিরোধের জন্য যথেষ্ঠ মনোবলের অভাব
ঘ জনসমর্থনের অভাবে

**২৪. বঙ্গবন্ধুর সারা জীবনের কর্মকাণ্ডের মূল লক্ষ্য কী ছিল?**
ক বাঙালি জাতির মুক্তি
খ পাকিস্তানের প্রতি আনুগত্য
গ ভারতের প্রতি আনুগত্য
ঘ বাংলাদেশের রাষ্ট্রপতি হওয়া

**২৫. গণপরিষদের প্রথম স্পিকার নির্বাচিত হন কে?**
ক লতিফ উদ্দিন    খ মোহাম্মদ উল্লাহ
গ শাহ আব্দুল হামিদ    ঘ মোহাম্মদ জিয়াউর

**২৬. বঙ্গবন্ধুর পররাষ্ট্র নীতির রূপরেখার প্রতিফলন কোথায় লক্ষ করা যায়?**
ক ১৯৭২ সালের সংবিধানে
খ ১৯৭৩ সালের সংবিধানে
গ ১৯৭৪ সালের সংবিধানে
ঘ ১৯৭৫ সালের সংবিধানে

**২৭. ১৯৭৫ সালের ৩ নভেম্বরের হত্যাকাণ্ড ছিল—**
i. নীলনকশার বাস্তবায়ন
ii. স্বাধীনতা বিরোধী দেশীয় ষড়যন্ত্র
iii. আন্তর্জাতিক গোষ্ঠীর ষড়যন্ত্র
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

**২৮. নব্বইয়ের অভ্যুত্থানের সময়ে কত তারিখে জরুরি অবস্থা জারি করা হয়?**
ক ২৬ নভেম্বর    খ ২৭ নভেম্বর
গ ২৮ নভেম্বর    ঘ ২৯ নভেম্বর

**২৯. নীলনদের উৎপত্তি কোথায়?**
ক ভূমধ্যসাগরে    খ লেক ভিক্টোরিয়ায়
গ আরব সাগরে    ঘ লোহিত সাগরে

**৩০. সাত পর্বতের নগরী বলা হয় কাকে?**
ক রোমকে    খ গ্রিসকে
গ ভেনিসকে    ঘ প্যারিসকে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক |

Teachingbd24.com